

**বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন- এপ্রিল ২০২৪**

১। **সর্বমোট অর্জন।** এপ্রিল ২০২৪ মাসে ৩,৪৮৮টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৬৩০,০৩,৪৭,২৯৬/০০ (টাকা ছয়শত ত্রিশ কোটি তিন লক্ষ সাতচল্লিশ হাজার দুইশত ছিয়ানব্বই মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** এপ্রিল ২০২৪ মাসে চোরাচালান অভিযানে মোট ০২ কোটি ৬৩ লক্ষ ২৭ হাজার ৬৩১ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পূর্ব জোন (আউটপোস্ট বাহারছড়া) কর্তৃক আটককৃত পামওয়েল**



**পূর্ব জোন (বিসিজেএস সবুজ বাংলা) কর্তৃক আটককৃত পণ্য**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** এপ্রিল ২০২৪ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৬২৭ কোটি ২৫ লক্ষ ৪৬৫ হাজার টাকার অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৭,৭৫,৪৬,০০০ মিটার কারেন্ট জাল, ১,৯৮২টি বেহন্দি/মশারি জাল, ৩,৩২,৪০,২০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৮,২০৫ কেজি জাটকা, ১৬,১০,৭১,৭০০ পিস চিংড়ি/ফাইসা পোনা, ২৩,৫২৫ কেজি জেলি পুশকৃত চিংড়ি ০৩টি বোট ও ০৬ জন জেলে আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**দক্ষিণ জোন (বেইস ভোলা) কর্তৃক আটককৃত কারেন্ট জাল**



**পশ্চিম জোন (আউটপোস্ট কচিখালী) কর্তৃক আটককৃত চরঘেরা জাল**



**ঢাকা জোন (স্টেশন পাশলা) কর্তৃক আটককৃত জাটকা**



**ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত জেলিপুশকৃত চিংড়ি**

সীমিত

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** এপ্রিল ২০২৪ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,২৫,০৯৯ পিস ইয়াবা, ৮৩৯ ক্যান/বোতল বিভিন্ন প্রকার বিয়ার, ২৩ কেজি ৫৮০ গ্রাম গাঁজা এবং ০১ কেজি ক্রিস্টাল মেথ (আইস) আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত মদ ও বিয়ার



ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত গাঁজা



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ইয়াবা



পূর্ব জোন (স্টেশন সেন্টমার্টিন) কর্তৃক আটককৃত ক্রিস্টাল মেথ ও বিয়ার

৫। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** এপ্রিল ২০২৪ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক পরিবেশ রক্ষা অভিযানে ৩০৫ কেজি হরিণের মাংস, ০২টি হরিণের মাথা, ০৮টি হরিণের পা, ৭০ কেজি হাঙ্গার এবং ২,০৭৫ কেজি শাপলাপাতা মাছ আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (স্টেশন পাথরঘাটা) কর্তৃক আটককৃত হরিণের মাংস



পশ্চিম জোন (পাথরঘাটা) কর্তৃক আটককৃত হাঙ্গারের শটকি

৬। ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা/ছুরি উদ্ধার। এপ্রিল ২০২৪ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ০১টি দেশিয় পিস্তল, ৩৪টি রামদা/ছুরি/চাপাতি এবং ২৭ জন ডাকাত/বনদস্যু/চোরাকারবারি/মাদকব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (স্টেশন রূপসা) কর্তৃক উদ্ধারকৃত অস্ত্র

৭। উদ্ধার অভিযান। এপ্রিল ২০২৪ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড উদ্ধার অভিযান পরিচালনা করে ১৫ জন যাত্রী/জেলে জীবিত, ০৪টি মৃতদেহ এবং ০১টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে, বোট এবং মৃতদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ



পূর্ব জোন (বিসিজিএস সবুজ বাংলা) কর্তৃক উদ্ধারকৃত জেলে ও বোট